

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৯৮৫

১০. কিতাবুল জানাইয এবং জানায়ার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ (৫) আশা-আকাজ্জা প্রসঙ্গে - নশ্বর এই দুনিয়া আবাদ করার ব্যাপারে দীর্ঘ আশা-আকাজ্জা লালন করা নিষেধ

5 - فَصْلٌ فِي الْأَمَلِ - ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يُطَوَّلَ الْمَرْءُ أَمَلُهُ فِي عِمَارَةِ هَذِهِ الدُّنْيَا الزَّائِلَةِ الْفَانِيَةِ

আরবী

2985 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ أَحْمَدَ بْنِ بِسْطَامٍ بِالْأُبُلَّةِ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي السَّفَرِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: مَرَّ بِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَأَنَا وَأُمِّي نُصَلِّحُ خُصًّا لَنَا - فَقَالَ: (مَا هَذَا يَا عَبْدَ اللَّهِ؟) قَالَ: قُلْتُ: خُصُّ لَنَا نُصَلِّحُهُ فَقَالَ: (الْأَمْرُ أُسْرِعُ مِنْ ذَلِكَ)

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2985 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (4/132).

বাংলা

২৯৮৫. আব্দুল্লাহ বিন আমর রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ও আমার মা আমাদের কুড়িঘর ঠিক করছিলাম, এমন সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের পাশ দিয়ে অতিক্রম করেন। তিনি বলেন, “হে আব্দুল্লাহ, এটা কী?” রাবী বলেন, “আমি বললাম, আমাদের কুড়িঘর, ঠিকঠাক করছি।” তখন তিনি বলেন, “(মৃত্যুর) ব্যাপারটি এর চেয়েও দ্রুততর।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৬১; তিরমিযী: ২৩৩৫; আবু দাউদ: ৫২৩৬; ইবনু মাজাহ: ৪১৬০; বাগাবী: ৪০৩০।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/১৩২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92315>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন